

নাটকে নন্দিতা



নায়িকা নন্দিতা দাস কলকাতায়। তবে এবার একদম অন্য রূপে।
সিনেমা নিয়ে নয়, নাটক নিয়ে। তাঁরই নাট্যসংস্থা 'ছোট্ট প্রোডাকশন'-
এর এটিই প্রথম প্রযোজনা। নাটকের পরিচালিকা স্বয়ং নন্দিতা। গল্প
দানা বেঁধেছে এক ল'ইয়ার দম্পতিকে নিয়ে। অভিনয়ে নন্দিতা-র সঙ্গে
আছেন তাঁর স্বামী সুবোধ মাসকারা। 'বিটুইন দ্য লাইনস' নাম দেওয়া
হয়েছে নাটকটির। ২৭ ও ২৮ অক্টোবর বিড়লা সভাঘরে মঞ্চস্থ হতে
চলেছে। আশা করা যায়, এই নতুন ইনিংসটিতেও জমিয়ে ব্যাট করবেন
এই প্রতিভাশালী অভিনেত্রী।